দৈনিক ইনকিলাব

5

তারিখ ... JAN. 2 0 2000 ... ...
পৃষ্ঠা ৩ কলাম ৪ ......

## অনুগ্রহপূর্বক বিভ্রান্তি দূর করুন

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা কর্তৃক প্রকাশিত বিভিন্ন শ্রেণীর পাঠ্যপুস্তকে পরিবেশিত তথ্যাদিতে আমরা সঠিক তথ্য বলেই ধরে নেই। কিন্তু মাধ্যমিক বাংলা সংকলন গদ্য (নবম ও দশম শ্রেণীর জন্য) বইয়ের বীর শ্রেষ্ঠদের কথা পাঠের ১৬৬ পৃষ্ঠায় বীর শ্রেষ্ঠ ফ্লাইট লেফটেন্যান্ট মতিউর রহমানের জন্ম তারিখ লেখা হয়েছে ১৯৪৫ সালের ২১ ফেব্রুয়ারী- আবার মাধ্যমিক বাংলা সংকলন কবিতা (নবম ও দশম শ্রেণীর জন্য) বইয়ের শহীদ স্মরণে কবিতার ১০৭ পৃষ্ঠার ৪ নং সংক্ষিপ্ত প্রশ্নের নমুনা উত্তরে বীর শ্রেষ্ঠ মতিউর রহমানের জন্ম তারিখ লেখা হয়েছে ১৯৪৯ সালের ২৯ অক্টোবর। এখন অনুসন্ধিৎসু ছাত্র-ছাত্রী ও শিক্ষক মহোদয়গণের জিজ্ঞাস্য- বীরশ্রেষ্ঠ মতিউর রহমানের কোন্ জন্ম তারিখটি সঠিক? যথাযথ কর্তৃপক্ষ সমীপে অনুরোধ, জাতির গৌরব বীরশ্রেষ্ঠ ফ্লাইট লেফটেন্যান্ট মতিউর রহমানের সঠিক জন্ম তারিখ পরিবেশন করে বিভ্রান্তি দূর করুন।

–আব্দুল আহাদ
সহকারী শিক্ষক,
ফরিজা খাতুন বালিকা উচ্চ বিদ্যালয়,
ফেঞ্চুগঞ্জ, সিলেট।